দৈনিক আমাদের সময়

তারিখ 14 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

# বেরোবি উপাচার্যের অনিয়ম তদন্তে কমিটি গঠন

রংপুর প্রতিনিধি •

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) উপাচার্য প্রফেসর ড. একেএম নূর-উন-নবীর বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম, অব্যবস্থাপনা ও স্বেচ্ছাচারিতার অভিযোগ তদন্ত করতে কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। শিগগির তদন্ত কমিটি কাজ শুরু করবে বলে জানা গেছে।

গত ৬ মার্চ ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক ড. আব্দুল মান্নান সরেজমিনে রোকেয়া বিশ্ববিদ্যালয়ের অব্যবস্থাপনা খতিয়ে দেখতে শিক্ষক সমিতি, কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে কথা বলেন। সে সময় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতারা উপাচার্যের বিরুদ্ধে তার কাছে বিভিন্ন অনিয়মের অভিযোগ দেন। এরই পরিপ্রেক্ষিতে গত ২ আগস্ট ইউজিসির পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের অতিরিক্ত পরিচালক ফেরদৌস জামান স্বাক্ষরিত এক চিঠিতে তিন সদস্যবিশিষ্ট একটি তদন্ত গঠন করা হয়। কমিটিতে ইউজিসি সদস্য অধ্যাপক ড. মো. আখতার হোসেনকে আহ্বায়ক, ইউজিসির যুগ্ম সচিব (প্রশাসন) ড. মো. ফখরুল ইসলামকে সদস্য এবং পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের সহকারী পরিচালক রবিউল ইসলামকে সদস্য সচিব করা হয়।

এ ব্যাপারে উপাচার্য প্রফেসর ড. একে এম নূর-উন-নবী জানান, এ বিষয়ে তিনি এখনো কিছু জানেন না। তাই মন্তব্য করা সম্ভব নয়।